বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
১৩-১১-২০২২ তারিখে আওতাধীন দপ্তর/সংস্থার সাথে
বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত
পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর,
২০২২) সভার কার্যবিবরণী।

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জাকির হোসেন তরফদার<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) (চলতি দায়িত্ব) ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল। |
| সভার তারিখ | ১৩ নভেম্বর, ২০২২ |
| সভার সময় | ১০:৩০ ঘটিকা |
| স্থান | আহবায়কের কার্যালয়। |
| উপস্থিতি | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সকল সদস্য, স্টোর এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগ, তিতাস ফিল্ডের ফায়ার সেইফটি শাখা ও ফিল্ড প্রশাসন শাখার কর্মকর্তা (তালিকা সংযুক্ত)। |

বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির আহবায়ক জনাব মোঃ জাকির হোসেন তরফদার এর সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, কোম্পানির স্টোর এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগ, তিতাস ফিল্ডের ফায়ার সেইফটি শাখা ও ফিল্ড প্রশাসন শাখার কর্মকর্তাদের অংশগ্রহণে ১৩-১১-২০২২ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় আহবায়কের কার্যালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি আলোচনা শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০ আলোচনা:

১.১। সভার শুরুতে কমিটির সদস্য-সচিব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী মাঠ পর্যায়ের অফিসের জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছকের ১.৩ অনুচ্ছেদে বর্ণিত আওতাধীন দপ্তর/সংস্থার সাথে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজনের গুরুত্ব সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করেন। সুশাসন প্রতিষ্ঠার জন্য সরকারের গৃহীত ৫টি টুলস্ এর মধ্যে “সেবা প্রদান প্রতিশ্রুতি” একটি অন্যতম টুলস্। কোম্পানির বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মধ্যেও সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি অন্তর্ভূক্ত আছে। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তাদের জবাবদিহিতা বৃদ্ধি করতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সেবা প্রক্রিয়া সহজিকরণ তথা সেবার মানোন্নয়নে সেবা প্রদান প্রতিশ্রুতি এর গুরুত্ব অপরিসীম।

১.২। তিতাস ফিল্ডের ফায়ার সেইফটি শাখার ব্যবস্থাপক, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে দপ্তর/সংস্থার

সাথে এ ধরনের সভা আহবান করার মাধ্যমে সেবা সহজিকরণ উদ্যোগ গ্রহণ করায় সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির প্রতি ধন্যবান জ্ঞাপন করেন। কোম্পানির অভ্যন্তরে বিভিন্ন বিভাগ/শাখার মধ্যে কাজের ক্ষেত্রে কিছু সমস্যা তৈরি হয়। এ ধরনের সভা এসব সমস্যা সমাধানের চালিকা শক্তি হতে পারে। তিনি উল্লেখ করেন তিতাস ফিল্ডের ফায়ার সেইফটি শাখার নন-মুভেবল মালমালের মধ্যে ব্যবহারের অযোগ্য/মেরামত করে ব্যবহার অলাভজনক **হুজ** পাইপ, ফায়ার ইস্টিংগুইজারসহ বেশ কিছু মালমাল অবলোপনের প্রক্রিয়াধীন আছে। এ গুলো স্টোর এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করলে স্টোর এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগ তা নিতে অপারগতা প্রকাশ করে। ব্যবস্থাপক (ফিল্ড প্রশাসন) তিতাস-দক্ষিণ উল্লেখ করেন, অবলোপনের জন্য প্রক্রিয়াধীন মালামাল বিভিন্ন শাখায় জমা আছে। এ সব মালামাল স্টোর এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগ কর্তৃক সংগ্রহ করে একত্র করে কোনো জায়গায় স্টোর করলে অফিস গুলো পরিষ্কার পরিচ্ছন্ন রেখে কাজের সুন্দর পরিবেশ তৈরি করা সহজ হবে।

১.৩। ব্যবস্থাপক (ফায়ার সেইফটি) তিতাস এবং ব্যবস্থাপক (ফিল্ড প্রশাসন) তিতাস-দক্ষিণ এর আলোচনার প্রেক্ষিতে স্টোর এন্ড ইনভেন্টরী কন্ট্রোল বিভাগের ব্যবস্থাপক (এলএমআর) উল্লেখ করেন, কোভিডের আগে ফাইল নোট দিয়ে এ ধরনের মালামাল স্টোর ডিপার্টমেন্ট সংগ্রহ করত। কোভিড চলাকালীন সময়ে এ কাজটি বন্ধ রাখা হয়। বর্তমানে জায়গার সংকুলান না হওয়ায় এবং স্টোর ডিপার্টমেন্টের আওতাধীন স্টোর গুলোতে খালি জায়গা না থাকায় এসব মালামাল সংগ্রহ করা সম্ভব করা যাচ্ছে না।

১.৪। কোম্পানিতে অবলোপনের জন্য প্রণীত নীতিমালা-২০২১ এর অনুচ্ছেদ ৫.১ অনুযায়ী "সংশ্লিষ্ট ডিভিশন/বিভাগ/ফিল্ড বার্ষিক ভিত্তিতে ব্যবহার অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলে বিবেচিত নন-মুভেবল মালামাল নির্ধারিত ছকে সংশ্লিষ্ট তথ্যসহ স্টোর এন্ড ইনভেন্টরী কন্ট্রোল বিভাগে জমা প্রদান করবে। পরবর্তীতে স্টোর এন্ড ইনভেন্টরী কন্ট্রোল বিভাগ অকেজো ঘোষণাকরণ/নিষ্পত্তির পরিকল্পনা গ্রহণ করে পুনঃপরীক্ষার মাধ্যমে তার তালিকাসহ নির্ধারিত ছকে সংশ্লিষ্ট তথ্য অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট পেশ করবে"। এ বিষয়টি সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির সদস্য ব্যবস্থাপক (প্লান্ট মেইন্টেন্যান্স) তিতাস, আলোচনা করেন এবং বলেন অবলোপনের জন্য প্রণীত নীতিমালা-২০২১ মোতাবেক স্টোর এন্ড ইনভেন্টরী কন্ট্রোল বিভাগের অবলোপনের জন্য নন-মুভেবল মালামালসমূহ স্টোর করার প্রয়োজনীয় ব্যবস্থার উদ্যোগ গ্রহণ করা উচিৎ। সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির সদস্য ব্যবস্থাপক (জনসংযোগ) বলেন, বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পেশ করা অথবা সমন্বয় সভায় উপস্থাপন করা যেতে পারে। সভার সভাপতি বলেন, বিষয়টির সমাধানের জন্য স্টোর এন্ড ইনভেন্টরী কন্ট্রোল বিভাগকে ব্যবস্থা নিতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির পক্ষ থেকে স্টোর এন্ড ইনভেন্টরী কন্ট্রোল বিভাগ বরাবর একটি অভ্যন্তরীণ স্মারকলিপি প্রেরণ করা যেতে পারে। এছাড়াও এ সেবাটি কোম্পানির সিটিজেন চার্টারের অভ্যন্তরীণ সেবায় অন্তর্ভূক্ত করে সিটিজেন চার্টারটি হালনাগাদ করতে হবে।

২.০ সিদ্ধান্ত :

২.১। কোম্পানির অভ্যন্তরীণ কাজ সহজীকরণ ও সুশৃংখল কর্মসম্পাদনের অংশ হিসেবে কোম্পানিতে মুভেবল এবং নন-মুভেবল মালামাল অবলোপনের জন্য প্রণীত নীতিমালা-২০২১ এর অনুচ্ছেদ ৫.১

অনুযায়ী “সংশ্লিষ্ট ডিভিশন/বিভাগ/ফিল্ড বার্ষিক ভিত্তিতে ব্যবহার অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বিবেচিত নন-মুভেবল মালামাল নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্যসহ স্টোর এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগে জমা প্রদান করবে” এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য স্টোর এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগ বরাবর একটি মেমো প্রদান করা;

২.২। কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর অভ্যন্তরীণ সেবার তালিকায় নন-মুভেবল মালামাল অবলোপনের জন্য অবলোপনের জন্য প্রণীত নীতিমালা-২০২১ এর অনুচ্ছেদ ৫.১ অন্তর্ভূক্ত করা।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জাকির হোসেন তরফদার
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) (চলতি দায়িত্ব) ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২২.১৮

তারিখ: ৪ পৌষ ১৪২৯
১৯ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপ-মহাব্যবস্থাপক (এসটিআইসি), স্টোরস ও ইনভেন্টরি কন্ট্রোল বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
২) ব্যবস্থাপক, প্লান্ট মেইনটেন্যান্স শাখা(তিতাস ফিল্ড), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৩) ব্যবস্থাপক(রিজার্ভার ইঞ্জিনিয়ারিং), রিজার্ভয়ার শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৪) ব্যবস্থাপক (এফএমআর), ফরেন ম্যাটেরিয়ালস রিসিভিং শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৫) ব্যবস্থাপক (প্রশাসন), তিতাস দক্ষিণ (প্রশাসন) শাখা , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৬) ব্যবস্থাপক (এলএমআর), লোকাল ম্যাটেরিয়ালস রিসিভিং শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৭) ব্যবস্থাপক (আইডব্লিউটি), ইনফরমেশন এন্ড ওয়েবসাইট টেকনোলজি শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৮) ব্যবস্থাপক (ফায়ার সেফটি), তিতাস দক্ষিণ (ফায়ার সেফটি) শাখা , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৯) ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

মোঃ জাকির হোসেন তরফদার
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) (চলতি দায়িত্ব) ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি

সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল।